ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




দর্শকদের ভালোবাসা চাইলেন দীপিকা

পৃঃ ৫



রিয়ালের জার্সিতে অনুশীলনে এমবাপ্পে

পৃঃ ৬


Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২২১ ● কলকাতা ● ২৮ শ্রাবণ, ১৪৩১ ● মঙ্গলবার ● ১৩ আগস্ট, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


## জম্মু ও কাশ্মীরে লাগামছাড়া

## জঙ্গি তৎপরতায় উদ্বেগে ভারতীয় সেনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জম্মু ও কাশ্মীরে লাগামছাড়া জঙ্গি তৎপরতায় উদ্বেগে ভারতীয় সেনা। উপত্যকায় নাশকতা ছড়াতে নেতৃত্ব দিচ্ছে জইশ-ই-মহম্মদের প্রধান মৌলানা মাসুদ আজহারের ভাই রউফ আসগর। সাম্প্রতিক গোয়েন্দা রিপোর্টে এমনটাই জানা গিয়েছে।নিয়ন্ত্রণরেখা পেরিয়ে ধারাবাহিক ভাবে উপত্যকায় জঙ্গি অনুপ্রবেশের পিছনে রউফের হাত রয়েছে বলে মনে করা হচ্ছে গোয়েন্দা রিপোর্টে।প্রসঙ্গত, সুপ্রিম নির্দেশ আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে কাশ্মীরে বিধানসভা ভোট করাতে হবে নির্বাচন কমিশনকে। নিরাপত্তাবাহিনীর আধিকারিকদের অনেকেই মনে করছেন, সেই ভোট বানচাল করতে মরিয়া হয়ে উঠেছে পাকিস্তান এবং তাদের মদতপুষ্ট জঙ্গি সংগঠনগুলি। যে কোনও মূল্য কাশ্মীরের নির্বাচন বানচাল করতে তৎপর তারা। সেই কারণেই সাম্প্রতিককালে জঙ্গি অনুপ্রবেশের ছয়লাপ এবং বাড়ন্ত নাশকতার ঘটনা। আগেই জানা গিয়েছিল, আফগানিস্তানে আমেরিকার সেনাদের ফেলে যাওয়া অস্ত্র তালিবানের হাত ধরে পাকিস্তানি জঙ্গিদের মাধ্যমে ঢুকছে কাশ্মীরে। গত কয়েক মাসে জম্মু এবং দক্ষিণ কাশ্মীর মূলত জঙ্গিদের নিশানা হয়ে দাঁড়িয়েছে। পাক অধিকৃত কাশ্মীরে প্রশিক্ষণপ্রাপ্ত অন্তত ৩৫ জন জঙ্গি ওই এলাকায় সক্রিয় রয়েছে। সেনার তরফে জানানো হয়েছে মূলত সাম্বা এবং কাঠুয়া এলাকায় এলওসি পেরিয়ে তারা কাশ্মীরে ঢুকেছে। এই অনুপ্রবেশের সঙ্গে যুক্ত রউফ আসগর। এই অসগর হল জঙ্গিগোষ্ঠী জইশের প্রধান মাসুদ আজহারের ভাই অসগর। সেই নাশকতায় নেতৃত্ব দিচ্ছে বলেই খবর।

# মুখ্যমন্ত্রী পৌঁছলেন প্রয়াত চিকিৎসক মৌমিতার বাড়ি





**বেবি চক্রবর্ত্তী:কলকাতা: নিউজ সারাদিন :** এই মুহূর্তে বাংলার জ্বলন্ত ইস্যু আর জি কর কান্ড। আর জি কর হসপিটালে কর্মরত একজন মহিলা চিকিৎসককে ধর্ষণ করে হত্যা করা হয়। সেই নির্মম হত্যা কেঁপে ওঠে বাংলা সহ সারা ভারত। এর আগেই সেই হত্যা কান্ড নিয়ে কড়া বিবৃতি দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। প্রথম দিনই তিনি ফোনে কথা বলেছিলেন, সেই মৃত চিকিৎসকের মায়ের সঙ্গে। এবার সোমবার বেলা ১টা নাগাদ তিনি পৌঁছে গেলেন প্রয়াত চিকিৎসক মৌমিতার নাটাগরের বাড়িতে। তিনি কথা বলেন মৃতা চিকিৎসকের বাড়ির মানুষদের সঙ্গে।এর আগে কাটোয়া বা অন্যান্য ঘটনার সময় মুখ্যমন্ত্রীর এই তৎপরতা দেখা যায় নি। কখনো তিনি 'ছোট ঘটনা', কখনোবা সিপিএমের নকশালের উপর দোষ চাপিয়েছিলেন। এবার কিন্তু তিনি সরাসরি পৌঁছে গেলেন তাঁর বাড়িতে। এই ধর্ষণ ও হত্যার ব্যাপারে পুলিশ ও স্বাস্থ্য দপ্তরের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে আগেই। পুলিশ প্রথম রক্তাক্ত মৃৎ চিকিৎসককে দেখেও ওই চিকিৎসকের বাড়িতে ফোন করে জানিয়েছিলেন যে তিনি আত্মহত্যা করেছেন। পুলিশের এই কথায় প্রবল ক্ষুব্ধ নাগরিক মহল। এদিকে বাংলার পুলিশমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাই তিনি দায় এড়িয়ে যেতে পারেন না। সেই কারণেই তিনি পৌঁছে গেলেন প্রয়াত চিকিৎসকের বাড়িতে।


ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

কবিতা সংকলন

দীপ প্রজ্বালন

সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার

সহ-সম্পাদক : নিবেদিতা শেঠ

Phone : 9163761670 /9564382031

কবিতা, গল্প ও অনুগল্প সংকলন

অনুগল্প ও গল্পের জন্য ফোনে কথা বলে নেবেন নিয়ম ও কারণ জানার জন্য।



মাননীয়া মুখ্যমন্ত্রী **মমতা বন্দ্যোপাধ্যায়ের** উদ্যোগে

শিশু কিশোর আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

বিভাগীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা (প্রেসিডেন্সি বিভাগ)

**আগামী ২৪ ও ২৫ আগস্ট '২৪ হাওড়া, উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা, নদিয়া এবং কলকাতার ছোটোদের জন্য সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।**

২৪ এবং ২৫ আগস্ট প্রেসিডেন্সি বিভাগের উল্লিখিত জেলাগুলির জন্য এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার সময়সহ বিস্তারিত বিবরণ ও আবেদনপত্র সংগ্রহের জন্য দুপুর ১টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত (প্রতি ক্ষেত্রে শনি, রবি ও অন্য ছুটির দিন বাদে) কলকাতায় শিশু কিশোর আকাদেমির কার্যালয়ে নিম্নলিখিত ঠিকানায় আবেদনপত্র জমা দিতে হবে। **আবেদনের শেষ তারিখ ২০ আগস্ট ২০২৪।**

প্রতিযোগিতার বিষয়: 'ক' বিভাগ (৫ থেকে ১০+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি। 'খ' বিভাগ (১১ থেকে ১৬+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি, তাৎক্ষণিক বক্তৃতা। এই প্রতিযোগিতায় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হবে, প্রত্যেক অংশগ্রহণকারীকে শংসাপত্র দেওয়া হবে। এবং এই প্রতিযোগিতার ভিত্তিতেই আসন্ন 'পঞ্চদশ রাজ্য শিশু কিশোর উৎসব'-এ অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।

বিঃ দ্রঃ- আসন্ন রাজ্য শিশু কিশোর উৎসবে দলগত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য (গান, নাচ, আবৃত্তি, বৃন্দবাদন ইত্যাদি) এবং একক যন্ত্রবাদন, মূকাভিনয়, ম্যাজিক ইত্যাদি নানা বিষয়ের জন্য পেন ড্রাইভ/ডিভিডিসহ (অফেরতযোগ্য) সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করতে হবে। দলগত অনুষ্ঠানে দলের লেটারহেডেএবং অন্যান্য একক অনুষ্ঠানের জন্য সাদা কাগজে সংশ্লিষ্ট আধিকারিকের নামে চিঠি জমা দিতে হবে। প্রতিটি ক্ষেত্রে অবশ্যই পেন ড্রাইভ/ডিভিডি (অফেরতযোগ্য) দপ্তরে জমা দিতে হবে।

**প্রতিযোগিতার স্থান: উত্তীর্ণ, আলিপুর। সময়: ২৪ আগস্ট সকাল ১০ টা থেকে 'ক' বিভাগ এবং ২৫ আগস্ট সকাল ১০টা থেকে 'খ' বিভাগ**

শিশু কিশোর আকাদেমি। উত্তীর্ণ, দ্বিতীয় তল। ১এ, রিফর্মেটরি স্ট্রিট, আলিপুর, কলকাতা:২৭ফোন: ০৩৩ ২২২৩ ৬২১০ ই-মেল: skakademi@gmail.com

## আর জি কর কাণ্ডের নিহতের বাড়ি গিয়ে

# দেখা করে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের মুখোমুখি



**কলকাতা: নিউজ সারাদিন :** আর জি কর হাসপাতালের তরুণী চিকিৎসকের মৃত্যুতে ফুঁসছেন জুনিয়র চিকিৎসক ও পড়ুয়ারা। অধ্যক্ষের পদত্যাগের দাবিতে সোচ্চার হন তাঁরা। সোমবার সকালে অধ্যক্ষ সন্দীপ ঘোষ ঘটনার নৈতিক দায় নিয়ে স্বেচ্ছায় পদত্যাগ করার কথা ঘোষণা করেন। যাঁর বিরুদ্ধে ভুরি ভুরি অভিযোগ, সেই অধ্যক্ষকে প্রায় ক্লিনচিটই দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পানিহাটিতে নির্যাতিতার বাড়ি থেকে বেরিয়ে মমতা জানান, মানসিক চাপে পদত্যাগ করা অধ্যক্ষকে অন্যত্র পুনর্বাসন দেওয়া হয়েছে।সোমবার তিনি বলেন যে “আর জি কর এর অধ্যক্ষ জানিয়েছেন দিন কয়েক ধরে তিনি নিজে ও তাঁর সন্তানেরা মানসিক চাপে রয়েছেন। তাই আজ সকালে পদত্যাগপত্র জমা দেন। আমরা তাঁকে বুঝিয়ে বলেছি। আপনাকে ওখানে কাজ করতে হবে না। অন্যত্র কাজ করবেন।” তিনি এদিন আরও বলেন যে চেষ্ট বিভাগের এইচওডি, পুলিশ পোস্টের এসিপি, এমএসভিপি, সিকিউরিটিকে সরিয়ে দিয়েছি।”। এই ঘটনার আসল দোষীকে খুঁজে বের করাই যে প্রধান লক্ষ্য তা এদিন আরও একবার স্পষ্ট করেন জানান মুখ্যমন্ত্রী। সিপি বিনীত গোয়েলের পাশে দাঁড়িয়ে কলকাতা পুলিশকে সাতদিনের ডেডলাইন বেঁধে দেন মমতা। সাফ জানান, রবিবারের মধ্যে ঘটনার কিনারা করতে না পারলে সিবিআইকে তদন্তের দায়িত্ব হস্তান্তর করা হবে। এই পরিস্থিতিতে আপাতত তরুণী চিকিৎসকের হত্যাকাণ্ডের কিনারা করাই বড় চ্যালেঞ্জ তদন্তকারীদের।

এখান দেখার বিষয় আর জি কর হত্যাকাণ্ডের জট কতটা কিনারা হয় সেদিকেই তাকিয়ে বিশেষজ্ঞ মহল।

## আরজিকর কাণ্ডে বালিচক স্টেশন

# উন্নয়ন কমিটির ডাকে প্রতিবাদে বিক্ষোভ মিছিল



**পশ্চিম মেদিনীপুর: নিউজ সারাদিন :** পশ্চিম মেদিনীপুর জেলার বালিচক স্টেশন উন্নয়ন কমিটির আহ্বানে আরজিকর হাসপাতালে কর্মরত তরুণী চিকিৎসককে ধর্ষণ করে নৃশংস ভাবে হত্যার ঘটনার প্রতিবাদে বিক্ষোভ মিছিল বের হয়। বালিচক স্টেশন উন্নয়ন কমিটির পক্ষে যুগ্ম সম্পাদক ,কিংকর অধিকারী ও বিশ্বজিৎ ভূঁইয়া জানান, "এই ঘটনার অতি দ্রুত বিচারবিভাগীয় তদন্ত এবং প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত সকল অপরাধীর কঠোরতম দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে এই মিছিলটি বের করা হয়েছে।"

এদিন এলাকার ছাত্র, যুবক, শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক, ব্যবসায়ী, সরকারি কর্মচারী সহ সমস্ত স্তরের মানুষ এই ধিক্কার মিছিলে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেছেন। রবিবার বিকেলে বালিচক রেল স্টেশনে শহীদ ক্ষুদিরাম বসুর প্রতিকৃতিতে মাল্যদান কর্মসূচি সম্পন্ন করার পর এই মিছিল গোটা বালিচক শহর পরিক্রমা করেছে। এই মিছিল এলাকায় ব্যাপক সাড়া ফেলেছে।

## এই কঠিন সময়ে আমরা সবাই কেরালার মানুষের পাশে আছি,

# বললেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বলেন, ভূমিধসে ক্ষতিগ্রস্ত ওয়েনাড়ে সম্ভাব্য সমস্ত রকমের সহায়তা দেবে কেন্দ্র। পর পর বেশ কয়েকটি এক্স পোস্টে প্রধানমন্ত্রী

এরপর ৩ পাতায়

## ভোটকর্মীদের নিয়ে বিশেষ ভাবনা রয়েছে নির্বাচন কমিশনের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভোটে ভোটকর্মীদের নিয়ে বিশেষ ভাবনা রয়েছে নির্বাচন কমিশনের। প্রায়শই নতুন প্রযুক্তির অন্তর্ভুক্তি ঘটছে দেশের ভোট প্রক্রিয়ায়। সেই অনুযায়ী ভোট পরিচালনায় ভোটকর্মীদের সড়গড় করতে তিন ধাপে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এ বার ইভিএম ও ভিভিপ্যাট নিয়ে বিশেষ প্রশিক্ষণ দেবে কমিশন। এ ক্ষেত্রে ভোটগ্রহণের দায়িত্বে থাকা প্রিসাইডিং অফিসার ও ফার্স্ট পোলিং অফিসারদের এই প্রশিক্ষণ দেওয়া হবে। যাতে ভোটগ্রহণ কেন্দ্রে ইভিএম ও ভিভিপ্যাট সামাল দিতে তাঁদের কোনও অসুবিধা না হয়। কোনও ক্ষেত্রে ইভিএম ও ভিভিপ্যাট কাজ না করলে কি করণীয়, তা-ও প্রশিক্ষণে শেখানো হবে। ভোটকর্মীদের প্রশিক্ষণ শুরু হবে ৬ এপ্রিল থেকে। তার পর ধাপে ধাপে ভোটগ্রহণের দিন অনুযায়ী জেলায় জেলায় শিবির করে এই প্রশিক্ষণ দেওয়া হবে। আর এই প্রশিক্ষণ শিবিরগুলির জন্য মধ্যশিক্ষা পর্ষদের অধীন স্কুলগুলিতে সামেটিভ পরীক্ষার সূচি পিছিয়ে দেওয়া হতে পারে বলেই কমিশন সূত্রে খবর। এ প্রসঙ্গে ভোটকর্মী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মণ্ডল বলেন, "প্রিসাইডিং অফিসার ও ফার্স্ট পোলিং অফিসারদের ইভিএম ও ভিভিপ্যাটের স্পেশ্যাল ট্রেনিং দেওয়ার প্রয়োজন ছিল, এবং সে ব্যাপারে নির্বাচন কমিশন সঠিক সিদ্ধান্ত নিয়েছে। কিন্তু বিভিন্ন জেলায় ট্রেনিংয়ের যে শিডিউল রয়েছে, তাতে অধিকাংশ স্কুলকে প্রথম সামেটিভ পরীক্ষা পিছিয়ে দিতে হবে। এটা না হলেই ভাল হত।"বিরোধী রাজনৈতিক দলগুলি বার বার ইভিএম তুলে দিয়ে আবারও পুরনো ব্যালেটেই ভোট প্রক্রিয়া পরিচালনার পক্ষপাতী। সেই অভিযোগের জবাব হিসাবেই ২০১৯ সালের লোকসভা ভোটে আংশিক লোকসভা এলাকায় ভিভিপ্যাট চালু হয়েছে। যাতে ভোটার কাকে ভোট দিচ্ছেন, সেই বিষয়ে ভোটকেন্দ্রেই নিশ্চিত হতে পারেন। পশ্চিমবঙ্গে ২০২১ সালের লোকসভা ভোটে সব বুথেই ইভিএমের সঙ্গে ভিভিপ্যাট ছিল। কিন্তু কোভিড পরিস্থিতিতে সেই ভোটে ভিভিপ্যাট নিয়ে ভোটকর্মীদের প্রশিক্ষণ দেওয়া সম্ভব হয়নি। কিন্তু এ বার ভোটকর্মীদের ইভিএমের সঙ্গে যুক্ত ভিভিপ্যাট নিয়ে এক বিশেষ ধরনের প্রশিক্ষণের বন্দোবস্ত করা হয়েছে।

২০২৪ লোকসভা নির্বাচনের সমস্ত খবর জানতে চোখ রাখুন আমাদের 'দিল্লিবাড়ির লড়াই' -এর পাতায়।







## ঘুড়ির মাঞ্জা সুতোয় যাত্রীরা ভোঁ -কাট্টা



**বেবি চক্রবর্তী, হুগলি: নিউজ সারাদিন :** বিশ্বকর্মা পুজো আসন্ন, আর এই বিশ্বকর্মা পুজোর সাথে ঘুড়ি ওড়ানো ওতঃপ্রোতভাবে জড়িত। কলকাতা ও হাওড়ার শহর এবং শহরতলির অনেক জায়গাতেই প্রচুর ঘুড়ি ওড়ে। কিন্তু অনেকসময় এই ঘুড়ি ওড়ানোই সাধারণ মানুষের জন্য বিপদ বয়ে নিয়ে আসতে পারে। রেলওয়ে ট্র্যাক সংলগ্ন এলাকায় ঘুড়ি ওড়ানোর সময় সেই ঘুড়ি যদি কোনোভাবে প্যান্টো বা ওভারহেড তারে লেগে জড়িয়ে যায়, সেক্ষেত্রে ট্রেন চলাচল বিঘ্নিত হওয়ার সম্ভাবনা প্রবল এবং এরকম ঘটনা প্রায়ই ঘটে চলেছে। রেলওয়ে ট্র্যাকের কাছে উড়ন্ত ঘুড়ি কিরকম বিপদ বয়ে আনতে পারে -

১. ওভারহেড তারগুলি উচ্চ ভোল্টেজের সাথে চার্জ করা হয়, যা জীবনকে বিপন্ন করে এবং সম্ভাব্য মারাত্মক দুর্ঘটনা ঘটায়।

২. ঘুড়ির সুতো ওভারহেড ইকুইপমেন্টস (OHE) এর সাথে জড়িয়ে যেতে পারে, মসৃণ ট্রেন পরিষেবা ব্যাহত করতে পারে এবং যাত্রীদের অসুবিধায় পড়তে পারে।

৩. আটকে থাকা ঘুড়ির সুতোগুলি ক্রসিংয়ের সময় ট্রেনের প্যান্টোগ্রাফের সাথেও জড়াতে পারে, যার ফলে লাইনে প্যান্টোগ্রাফে জড়ানোর ঘটনা ঘটে।

৪. ঘুড়িতে ব্যবহৃত মাঞ্জা OHE-তে শর্ট সার্কিটের কারণ হতে পারে, যার ফলে ক্যাটেনারি তারের বিচ্ছেদ ঘটতে পারে এবং ট্রেন পরিষেবা ব্যাহত হতে পারে।

৫. ঘুড়ির সুতো OHE কাঠামোর ক্ষতি করতে পারে, যার ফলে সরকারি সম্পত্তির ক্ষতি হয়।

ঘুড়ির সুতোয় ট্রেন চলাচল বিঘ্নিত হয়ে যাত্রীদের অযথা হয়রানি কিংবা সুতো হাই - ভোল্টেজ তারে সুতো জড়িয়ে ঘুড়ি ওড়ানো বালকের মৃত্যু - কোনোটাই অভিপ্রেত নয়।

পূর্ব রেলওয়ের হাওড়া ডিভিশন নিরাপত্তার সঙ্গে উৎসব উপভোগ করার জন্য একটি সচেতনতামূলক কর্মসূচি চালু করেছে। সচেতনতা অভিযানটি সমস্ত দায়িত্বশীল নাগরিকদের রেলওয়ে ট্র্যাকের কাছে ঘুড়ি না ওড়ানোর জন্য আবেদন রাখছে , কারণ ওভারহেড তারগুলি উচ্চ ভোল্টেজের সাথে চার্জ করা হয়েছে। এটি জীবনকে বিপন্ন করতে পারে। পূর্বরেলের তরফ থেকে অনুরোধ করা হয়েছে, রেল পরিসরের থেকে অনেক দূরে ঘুড়ি ওড়াতে, যাতে ঘুড়ি ওড়ানোর সময় জীবন সুরক্ষিত থাকার সাথে সাথে ট্রেন পরিষেবাও যাতে ব্যাহত না হয় এবং সাধারণ মানুষের রেলযাত্রায় কোনো বিলম্ব না ঘটে।

## সন্তান মানুষ করার ক্ষেত্রে মায়ের পাশাপাশি

# বাবারও সমান দায়িত্ব রয়েছে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মহিলাদের সমান ছুটি নিতে পারবেন। চাইল্ড কেয়ার লিভের ক্ষেত্রে পুরুষদেরও মহিলাদের সমান ছুটি দিতে সোমবার নির্দেশ দিয়েছে কলকাতা হাই কোর্ট। এক শিক্ষকের মামলায় বিচারপতি অমৃতা সিংহ এই নির্দেশ দেন। প্রসঙ্গত, ২০১৮ সালে কেন্দ্রীয় সরকার এক নির্দেশিকায় জানিয়েছিল, মহিলাদের মতোই পুরুষেরাও ৭৩০ দিন অর্থাৎ দু'বছরের ছুটি পাবেন। তবে কেবলমাত্র কেন্দ্রীয় সরকারি চাকুরে 'সিঙ্গল পেরেন্টরা' ওই সুবিধা পাবেন বলে জানিয়েছিল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সরকার। সেই সঙ্গে ২০১৮-র ওই নির্দেশিকায় জানানো হয়েছিল 'চাইল্ড কেয়ার লিভ'-এর দ্বিতীয় বছরে মূল বেতনের ২০ শতাংশ কম পাবেন ছুটির আবেদনকারীরা। । দু'টি সন্তানের ক্ষেত্রেই এই সুবিধা নেওয়া যাবে। সপ্তম বেতন কমিশনের সুপারিশ মেনেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।এই মামলায় বিচারপতি সিংহের পর্যবেক্ষণ্ড সন্তান মানুষ করার ক্ষেত্রে মায়ের পাশাপাশি বাবারও সমান দায়িত্ব রয়েছে।তাই ছুটির ক্ষেত্রে তাঁরা কেন বঞ্চিত হবেন? তাঁদেরও সমান ছুটি পাওয়া উচিত। এই বিষয়ে ২০১৮ সালে কেন্দ্রীয় সরকারের একটি আইন রয়েছে বলেও মনে করিয়ে দেয় আদালত।কর্মরত মহিলারা সন্তানের দেখাশোনার জন্য ৭৩০ দিন অর্থাৎ দু'বছর 'চাইল্ড কেয়ার লিভ' পেয়ে থাকেন। এর জন্য কোনও বেতন কাটা হয় না। এ রাজ্যে পুরুষদের ওই ছুটি ৩০ দিন দেওয়া হয়। তার বেশি ছুটি নিলে বেতন কেটে নেওয়া হয়। ওই পার্থক্যকে চ্যালেঞ্জ করে হাই কোর্টে মামলা করেছিলেন ওই শিক্ষক। আদালত জানায়, রাজ্যকে এই বিষয়ে পদক্ষেপ করতে হবে। আগামী তিন মাসের মধ্যে রাজ্যকে ওই বিষয়ে নির্দেশিকা জারি করতে হবে। আদালত জানায়, এ বার থেকে মহিলাদের সমান ছুটি পাবেন পুরুষরাও। আইনজীবী শামিম আহমেদ জানান, ৯০ দিনের মধ্যে রাজ্যের শিক্ষা ও অর্থ দফতরকে সন্তান পালনের জন্য পুরুষদের ছুটি নিয়ে নির্দেশিকা তৈরি করতে বলেছে আদালত।

## আরজি কর কাণ্ডে মারাত্মক দাবি

# হাসপাতালের চিকিৎসকের!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আরজি কর কাণ্ডে অপরাধীর সংখ্যা একাধিক? শুধুমাত্র অভিযুক্ত সিভিক ভলেন্টিয়ার নন, সেদিন রাতে কি ছিল আরও কেউ? ফের একবার এই প্রশ্ন উস্কে দিলেন হাসপাতালের চিকিৎসক। রবিবার নির্যাতিতার পরিবারের সঙ্গে দেখা করেন জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরস ফোরামের সদস্যরা।এখানেই না থেমে ডাক্তার সুবর্ণ গোস্বামী আরও বলেন, 'মেয়ের মা-বাবা, পরিবারের যা আশঙ্কা, আমাদেরও তাই আশঙ্কা যে এটা একজনের ধর্ষণ নয়, এটা গণধর্ষণের ঘটনা। যে যে বিষয়গুলি বললাম, তা থেকে আমাদের

এরপর ৩ পাতায়

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বলেছেন, ওয়েনাড়ে ভূমিধসে

# ক্ষতিগ্রস্তদের জন্য আমরা প্রার্থনা করছি, সম্ভাব্য সব রকমের কেন্দ্রীয় সাহায্যের আশ্বাস

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বলেছেন, ওয়েনাড়ে ভূমিধসে যাঁরা ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাঁদের জন্য আমরা প্রার্থনা করছি এবং ত্রাণ সাহায্যের ক্ষেত্রে সম্ভাব্য সব রকমের কেন্দ্রীয় সহায়তার আশ্বাস দিয়েছেন। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার সমস্ত সহায়তা এবং ত্রাণকার্যে রাজ্য সরকারের পাশে রয়েছে। আজ আকাশপথে কেরালার ওয়েনাড় পরিদর্শনের পর প্রধানমন্ত্রী ধস বিধ্বস্ত এলাকা ঘুরে দেখেন।

প্রধানমন্ত্রী ধসে আহতদের সঙ্গে সাক্ষাৎ করেন এবং যাঁরা ত্রাণ শিবিরে রয়েছেন তাঁদের সঙ্গেও কথা বলেন। একটি পর্যালোচনা বৈঠকে শ্রী মোদী আশ্বাস দিয়ে বলেন যে, এই শোকের সময়ে কেন্দ্রীয় সরকার এবং গোটা দেশ বিপর্যয়ের শিকার মানুষজনের পাশে রয়েছে। তিনি বলেন, মুখ্যমন্ত্রী বিস্তারিত তথ্য জানিয়ে স্মারকলিপি দেবেন। প্রধানমন্ত্রী বলেন, ওয়েনাড়ে উদ্ধার প্রক্রিয়ার ওপর তিনি নজর রাখছেন এবং কর্তৃপক্ষের সঙ্গে ক্রমাগত যোগাযোগ রেখে চলেছেন। শ্রী মোদী বলেন, বর্তমান পরিস্থিতির মোকাবিলায় সমস্ত কেন্দ্রীয় সংস্থাকে কাজে লাগানো হয়েছে এবং দুর্গত এলাকায় সেগুলি কাজ করে চলেছে। প্রধানমন্ত্রী এনডিআরএফ, এসডিআরএফ, সেনা, রাজ্য পুলিশ, স্থানীয় চিকিৎসা বাহিনী এবং অন্যান্যদের ভূমিকার প্রশংসা করেন। দুর্গতদের বিশেষত যে সব শিশু তাদের পরিবারকে হারিয়েছে, তাদের জন্য দীর্ঘমেয়াদী প্রকল্পের প্রয়োজনীয়তার ওপর জোর দেন প্রধানমন্ত্রী। তিনি দৃঢ়তার সঙ্গে বলেন, কেন্দ্রীয় সাহায্যের পাশাপাশি এক্ষেত্রে রাজ্য সরকার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

প্রধানমন্ত্রী ওয়েনাড়ের মানুষকে আশ্বস্ত করে বলেন, ওই এলাকায় জীবন জীবিকা পুনর্বহাল করতে কেন্দ্রীয় সরকার চেষ্টার কোনো ত্রুটি রাখবে না।

২ পাতার পর

# এই কঠিন সময়ে আমরা সবাই কেরালার মানুষের পাশে আছি, বললেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী

বলেছেন, "ওয়েনাড়ের ধস আমাদের সবাইকে ব্যথিত করেছে। এই ঘটনা সামনে আসার পর থেকে আমি পরিস্থিতির ওপর নজর রাখছি। কেন্দ্রীয় সরকার ক্ষতিগ্রস্তদের সব রকম সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। আজ আমি সেখানে গিয়েছিলাম এবং পরিস্থিতি পর্যালোচনা করেছি। আমি আকাশপথেও ঘুরে দেখেছি"

প্রধানমন্ত্রী এই বিপর্যয়ের শিকার মানুষজনের সঙ্গেও সাক্ষাৎ করেছেন। তাঁদের সঙ্গে কথোপকথনের সময় তিনি বলেন, "ভূমিধসে যাঁরা ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাঁদের সঙ্গে আমি ব্যক্তিগতভাবে সাক্ষাৎ করেছি। আমি বুঝতে পারছি, অসংখ্য পরিবার ক্ষতির শিকার হয়েছে। আমি ত্রাণ শিবিরও পরিদর্শন করেছি এবং যাঁরা ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাঁদের সঙ্গেও কথা বলেছি"

ত্রাণ সাহায্য সম্পর্কে কেন্দ্রীয় সরকারের পূর্ণ সহায়তার প্রতিশ্রুতি দিয়ে প্রধানমন্ত্রী বলেন, "আমি প্রত্যেককে আশ্বস্ত করছি, বিশেষত যাঁরা ক্ষতিগ্রস্ত হয়েছেন। সম্ভাব্য সমস্ত রকমের সাহায্য চালিয়ে যাওয়া হবে। এই কঠিন সময়ে আমরা সবাই কেরালার মানুষের পাশে আছি"

আকাশপথে ঘটনাস্থল পরিদর্শনের পর পরই প্রধানমন্ত্রী ত্রাণকার্যে জড়িতদের সঙ্গে সাক্ষাৎ করেন। এই বৈঠক প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেছেন, "আমি সরকারি আধিকারিক এবং যাঁরা সামনের সারিতে দাঁড়িয়ে কাজ করছেন, এই কঠিন সময়ে তাঁদের সেবার জন্য ধন্যবাদ জানাচ্ছি। কেরালা সরকারের কাছ থেকে বিস্তারিত তথ্য পাওয়ার পরই ক্ষতিগ্রস্ত এলাকায় স্কুল, বাড়ি সহ আবশ্যিক পরিকাঠামো পুনরায় চালু করতে কেন্দ্র প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নেবে।"

২ পাতার পর

# আরজি কর কাণ্ডে মারাত্মক দাবি হাসপাতালের চিকিৎসকের!

মনে হয়েছে, এত আঘাত একজনের পক্ষে সম্ভব নয়। তাঁকে শ্বাসরোধ করে অথবা ঝুলিয়ে মারা একার পক্ষে সম্ভব ছিল না'।

শুধু তাই নয়, পূর্ব বর্ধমানের উপ মুখ্য স্বাস্থ্য আধিকারিক এও বলেন, অভিযুক্তের শরীরে (উন্মুক্ত অংশে) তেমন কোনও আঘাতের চিহ্ন নেই । এটা স্বাভাবিকভাবে হয় না। কারণ ধর্ষিতা নিজেকে প্রাণপনে বাঁচানোর চেষ্টা করবেন। অভিযুক্তের মুখে, হাতে এমন কোনও চিহ্ন চোখে পড়েনি। তাহলে কি বাকিদের সময় দেওয়া হচ্ছে? প্রশ্ন চিকিৎসকের। এরপরেই বিস্ফোরক দাবি করেন পূর্ব বর্ধমানের উপ মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার সুবর্ণ গোস্বামী। একজনের পক্ষে এই কাজ করা সম্ভব নয়, বললেন তিনি।

নিহত চিকিৎসকের পরিবারের সঙ্গে দেখা করার পর সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে ডাক্তার গোস্বামী বলেছিলেন, তরুণী চিকিৎসকের মা তাঁকে জানিয়েছেন, কেস ধামাচাপা দেওয়ার জন্য পুলিশের একজন শীর্ষ আধিকারিক তাঁদের টাকার অফার দিয়েছিলেন। এরপর সর্বভারতীয় একটি সংবাদমাধ্যমের সামনে আরও বেশ কিছু বিস্ফোরক দাবি করেন তিনি।

পূর্ব বর্ধমানের উপ মুখ্য স্বাস্থ্য আধিকারিক বলেন, নিহত তরুণীর যৌনাঙ্গের ভেতর থেকে প্রায় ১৫০ গ্রামের বেশি তরল নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে কিছুটা হয়তো রক্তমাখা বীর্য হতে পারে। চিকিৎসক গোস্বামী বলেন, 'আমাদের যেটা মনে হয় এটা একজনের বীর্য হতে পারে না। নমুনা ঠিক করে পরীক্ষা করলে দেখা যেতে পারে তিন-চারজনের বীর্য হতে পারে'।

## বিশ্ব সিংহ দিবস উপলক্ষে এই বন্য প্রাণীটির সুরক্ষা ও রক্ষণাবেক্ষণে

# সকলকে সচেষ্ট হওয়ার আহ্বান জানালেন প্রধানমন্ত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আজ বিশ্ব সিংহ দিবস। এই উপলক্ষে সিংহের সুরক্ষা ও সংরক্ষণের কাজে যাঁরা যুক্ত তাঁদের সকলের ভূয়সী প্রশংসা করেছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। সিংহ সহ বিরল প্রজাতির বড় বড় প্রাণী ও জন্তুর সুরক্ষার লক্ষ্যে এবছরের ফেব্রুয়ারি মাসে ইন্টারন্যাশনাল বিগ ক্যাট অ্যালায়্যান্স গড়ে তোলার প্রস্তাবে কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদনের বিষয়টি তিনি এই প্রসঙ্গে তুলে ধরেছেন। বিশ্বের নানা প্রান্ত থেকে এই কাজকে উৎসাহিত করতে যে ভাবে সাড়া পাওয়া গেছে তাতে আনন্দ প্রকাশ করেন প্রধানমন্ত্রী। বন্য জীবজন্তু প্রেমী সকল মানুষকে শ্রী মোদী আমন্ত্রণ জানিয়েছেন গির অরণ্য পরিদর্শনের জন্য। সেখানে সিংহদের কিভাবে রাখা হয় সে সম্পর্কে পর্যটকরা সম্যক ধারণা ও অভিজ্ঞতা লাভ করবেন বলে মনে করেন প্রধানমন্ত্রী। এই প্রসঙ্গে সমাজ মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেছেন :

"বিশ্ব সিংহ দিবস উপলক্ষে সিংহ সংরক্ষণের কাজে যাঁরা যুক্ত রয়েছেন তাঁদের সকলেরই আমি বিশেষ প্রশংসা করি। এই ধরনের বড় বড় প্রাণীর সুরক্ষায় আমরা যে অঙ্গীকারবদ্ধ আজ তারই আবার পুনরুচ্চারণ করছি। আমরা সকলেই জানি যে ভারতের গুজরাটের গির অরণ্য বড় বড় সিংহের আবাস ও বিচরণভূমি। বছরের পর বছর ধরে তাদের সংখ্যাও উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে। এটি আমাদের সকলের কাছেই এক সংবাদ বিশেষ। এবছর ফেব্রুয়ারি মাসে ইন্টারন্যাশনাল বিগ ক্যাট অ্যালায়্যান্স গঠনের প্রস্তাবে সম্মতি দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। সিংহের মত বড় বড় প্রাণী রয়েছে বিশ্বের এই ধরনের সবকটি দেশকেই এর আওতায় নিয়ে আসা হবে। সিংহের রক্ষণাবেক্ষণে নিরন্তর উন্নয়ন প্রচেষ্টা এবং সমষ্টিগত প্রয়াসকে আহ্বান জানানোর ক্ষেত্রে এটি হয়ে উঠবে এক সার্বিক ও নিরন্তর কর্মপ্রচেষ্টা। আশার কথা, বিশ্বের বিভিন্ন প্রান্তের দেশগুলি থেকে আমরা এবিষয়ে উৎসাহব্যঞ্জক সাড়া পেয়েছি।

অরণ্য ও বন্যপ্রাণী প্রেমী সকলকেই আমি আহ্বান ও আমন্ত্রণ জানাই গির অরণ্য পরিদর্শন করে এশিয়াটিক সিংহ সম্পর্কে ধারণা ও অভিজ্ঞতা সঞ্চয়ের জন্য। একই সঙ্গে তাঁরা সিংহের সুরক্ষা ও রক্ষণাবেক্ষণে আমাদের প্রচেষ্টা প্রত্যক্ষ করারও সুযোগ লাভ করবেন। শুধু তাই নয়, গুজরাটবাসীর আতিথেয়তা সম্পর্কেও অভিজ্ঞতা সঞ্চয় করবেন তাঁরা।"

## বাংলাদেশে অস্থিরতার ফলে সন্ত্রাসবাদী

# সংগঠনগুলির নজর এখন ভারতের দিকে

**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** বাংলাদেশে অস্থিরতা জেরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতারচ্যুত হয়ে দেশ ত্যাগ করার পর দুর্ধর্ষ জঙ্গিরা একাধিক জেল ভেঙে পালানোর ঘটনা ঘটেছে। এই ঘটনা প্রতিবেশী রাষ্ট্র ভারতে সন্ত্রাসবাদি সংগঠনের হামলার আশঙ্কা বাড়িয়ে দিয়েছে।

হিন্দুদের বিরুদ্ধে আক্রমণ থেকেই বোঝা যাচ্ছে সন্ত্রাসবাদীরাই এইসব কাজ সংঘটিত করেছে। গোয়েন্দারা দাবি করছেন এই ঘটনার পেছনে পাকিস্তানের ইন্টার সার্ভিসেস ইন্টালিজেন্স বা আইএসআই এবং জামাত-ই ইসলামীর ও হাত রয়েছে। গোয়েন্দারা আরো দাবি করেছেন পাকিস্তানের আইএসআই বাংলাদেশের শাসন পরিবর্তন অপারেশনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এক্ষেত্রে তাদের সমর্থন করেছে জামাত-ই-ইসলামি এবং এবিটির মত সংগঠন।

গোয়েন্দাদের কাছ থেকে ইঙ্গিত পাওয়া গেছে ২০২২ সাল থেকে ২০-১০০ জনের এ বি টি ক্যাডার ত্রিপুরায় প্রবেশের চেষ্টা চালিয়ে যাচ্ছে। ত্রিপুরায় মসজিদে হামলার পরে সন্ত্রাসবাদি দুই সংগঠন লস্কর ও এবিটি জোট তৈরি করেছে। তবে এর মধ্যে অনেকেই গ্রেপ্তার হয়েছে। ২০০৭ সালে জামাত উল মুসলিম নামে একটি সংগঠন কাজ শুরু করে। কিন্তু অর্থের অভাবে সেটি প্রভাব বিস্তার করতে পারিনি। পরে ২০১৩ তে আনসারুল্লা বাংলা টিম নামে কাজ শুরু করে।

এই মুহূর্তে বাংলাদেশে ইসলামী ছাত্রশিবির ছাড়াও যেসব সন্ত্রাসবাদি সংগঠনগুলি সক্রিয় রয়েছে তাদের মধ্যে অন্যতম হলো আনসার আল ইসলাম, লস্কর ই-তৈবা, হরকাত উল জিহাদ আল ইসলামী বাংলাদেশ, জামাত উল মুজাহিদীন বাংলাদেশ ইত্যাদি।

শেখ হাসিনার অধীনে বাংলাদেশ সরকার ২০১৩ সাল থেকে চারশোর ওপর আনসারুল বাংলা টিমের সদস্যকে গ্রেফতার করা হয়। এছাড়াও অন্যান্য সন্ত্রাসবাদী সংগঠনগুলিকে দমন করার জন্য তিনি উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছিলেন। কিন্তু এখন শেখ হাসিনা প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিয়ে দেশ ছাড়ার পরে এই সমস্ত সন্ত্রাসবাদি সংগঠনগুলো পুনরায় মাথা চাড়া দিয়ে উঠতে শুরু করেছে। তবে ওয়াকিবহল মহল মনে করছেন বাংলাদেশে এখন যেভাবে সন্ত্রাসবাদি সংগঠন গুলি মাথাচাড়া দিয়ে উঠেছে তার প্রভাব ভারতের দিকে আসার ইঙ্গিত পাওয়া গেছে।

## যে কোন ধরনের জলবায়ু সহনশীল এবং জৈব প্রযুক্তিতে

# উৎপাদিত ১০৯ প্রজাতির ফল ও শাকসবজি আগামী ১১ আগস্ট সকলের কাছে তুলে ধরেবন প্রধানমন্ত্রী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী ১১ আগস্ট নয়া দিল্লির ইন্ডিয়া এগ্রিক্যালচারাল রিসার্চ ইন্সটিটিউটে সকল রকম জল হাওয়ায় উচ্চফলনশীল ১০৯ প্রজাতির শস্য সকলের সামনে তুলে ধরবেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। এই উপলক্ষে দেশের কৃষক এবং কৃষি বিজ্ঞানীদের সঙ্গেও আলোচনা ও মত বিনিময়ে মিলিত হবেন তিনি। ঐ দিন প্রধানমন্ত্রী যে ১০৯ প্রজাতির শস্য সকলের সামনে মেলে ধরবেন তার মধ্যে থাকবে কৃষিক্ষেত্রজাত ৩৪টি এবং উদ্যানজাত ২৭টি ফল ও শস্য। মিলেট, তৈলবীজ, ডালশস্য, আখ, তুলা, ফাইবার সহ উৎপাদনের দিক থেকে সম্ভাবনাময় অন্যান্য শস্যগুলিও এদিন সেখানে দেখানো হবে। এছাড়াও ফল, শাকসবজি, ফুল, মশলা, ভেষজ শস্য সহ বিভিন্ন উদ্যানজাত ফসলের প্রদর্শনীও সেখানে পরিদর্শন করা যাবে। প্রসঙ্গত উল্লেখ্য, যেকোন ধরনের জলবায়ু সহনশীল কৃষি উৎপাদনকে বরাবরই উৎসাহ দিয়ে আসছেন ভারতের প্রধানমন্ত্রী। জৈব কৃষি পদ্ধতিতে উৎপাদিত ফল, শস্য ও শাকসবজির উৎপাদন বৃদ্ধির ওপরও তিনি গুরুত্ব দিয়ে আসছেন। এমনকি, মিড ডে মিল ও অঙ্গনওয়াড়ি সহ বিভিন্ন সরকারি প্রকল্প ও কর্মসূচিতে এই ধরনের শস্য ব্যবহারের বিষয়টিকে জনপ্রিয় করে তুলতেও তাঁর চেষ্টার অন্ত নেই। প্রধানমন্ত্রীর আগ্রহের মূল বিষয়টি হল ভারতকে অপুষ্টি থেকে মুক্ত একটি দেশ রূপে বিশ্বের সামনে চিহ্নিত করা।

## বাংলাদেশে হিন্দুদের উপর অত্যাচারের প্রতিবাদে,

# সচেতনে কোলকাতার রাজপথে স্বপন দত্ত বাউল




**স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন :** সম্প্রতি বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুদের উপর অত্যাচার নিয়ে বিভিন্ন সংগঠন সরব হয়েছে। ১২ আগস্ট কোলকাতায় রাজপথে রুবি হাসপাতালের চত্বরে হাজির হয়ে সংখ্যালঘু হিন্দুদের উপর অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদে পথে নামলেল স্বপন দত্ত বাউল। পূর্ব বর্ধমান থেকে ছুটে এসে রাষ্ট্রপতির প্রশংসিত আশির্বাদ ধন্য উপহার স্বরূপ পুরস্কার প্রাপ্ত শিল্পী স্বপন দত্ত বাউল গানের মাধ্যমে বলেন বাংলাদেশের মানুষের উদ্দেশ্যে সংখ্যালঘু হিন্দুদের উপর অত্যাচার বন্ধ করতে হবে শান্তি সম্প্রীতি রক্ষায় তিনি বলেন জাতপাতের দোহাই দিয়ে সংখ্যালঘু হিন্দুদের উপর অত্যাচার করে বাংলাদেশে

এরপর ৪ পাতায়



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২২১ সংখ্যা ১৩ আগস্ট, ২০২৪ মঙ্গলবার ২৮ শ্রাবণ, ১৪৩১

## সম্পাদকীয়

### আর জি কর কাণ্ডে রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা সিদ্ধার্থ নিয়োগিকে বদলি করা হল

আর জি কর কাণ্ডে রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা সিদ্ধার্থ নিয়োগিকে বদলি করা হল। ওই পদে এলেন দেবাশীষ হালদার। এদিকে তদন্তের স্বার্থে সিটের সদস্য সংখ্যা বাড়ানো হল। একজন ডেপুটি কমিশনার পদমর্যাদার অফিসার সহ আরো ৬ জন দক্ষ পুলিশ অফিসারকে নিযুক্ত করা হয়েছে এই স্পেশাল ইনভেস্টিগেশন টিমে।

ডিসি অমিত ভার্মাকে এই বিশেষ তদন্ত কমিটিতে নেওয়া হয়েছে। এর পাশাপাশি ধৃত সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায়ের ক্রিমিনাল অ্যাক্টিভিটি খতিয়ে দেখছে লালবাজার। ওই হাসপাতালে দালাল চক্রের সঙ্গে সে কিভাবে যুক্ত এই বিষয়টি খতিয়ে দেখছে গোয়েন্দারা। তিনি কাদের কাদের ওই হাসপাতালে এর আগে ভর্তি করেছিলেন তার তালিকা সংগ্রহ করছে লালবাজার। শুধু তাই নয় আন্দোলনকারীদের ভিড়ে আর কেউ আত্মগোপন করছে কিনা সেই বিষয়টিও নজরে রাখছে গোয়েন্দারা।

এই বিশেষ তদন্তকারী দলের সংখ্যা বেড়ে হল ১৩। তাদের তদন্তে সাহায্য করবেন তিন শিফটে যুক্ত থাকা আরও ১৫০ জন পুলিশ কর্মী। এদিকে সোমবার ঘটনার দিন ইমার্জেন্সি বিল্ডিংয়ে যারা ওই নিহত তরুণী পড়ুয়া চিকিৎসকের সঙ্গে ডিউটি করেছিলেন তাদের সকলকে লালবাজারে ডেকে টানা জিজ্ঞাসাবাদ করে। তাদের প্রত্যেকের কাছ থেকে অন ডিউটি থাকাকালীন কারা নিহত পড়ুয়ার সঙ্গে রাতের খাবার খেয়েছিলেন এবং বাকিরা কোথায় ছিলেন তা পুঙ্খানুপুঙ্খভাবে জানতে চাওয়া হয়। গোয়েন্দা বিভাগের পক্ষ থেকে জানানো হয় প্রয়োজনে তাদেরকে আবার ডাকা হবে।ইতিমধ্যে হাসপাতালের সেমিনার বিল্ডিং এর সমস্ত ফ্লোর -এর সিসিটিভির ফুটেজ খতিয়ে দেখছে গোয়েন্দারা। ইতিমধ্যে ধৃত সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায়কে জিজ্ঞাসাবাদ করে গোয়েন্দারা মনে করছে এই ঘটনায় সে একা যুক্ত নয়। বাকি কারা রয়েছেন তা জানতেই এক মহিলাকে সোমবার লালবাজারে ডেকে জিজ্ঞাসাবাদ করা হয়। ওই মহিলা ধৃত সঞ্জয় রায়ের ঘনিষ্ঠ। এছাড়া ঘটনার পর মৃতার বাড়িতে যিনি প্রথম ফোন করেছিলেন সেই আরজিকর হাসপাতালের সহকারী সুপার কেউ লাল বাজারে ডেকে পাঠানো হয়। কারণ পরিবারের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে তাদের ফোনে বলা হয়েছিল তাদের মে আত্মহত্যা করেছেন। কিন্তু পরে দেখা যায় ঘটনাটি ধর্ষণ করে খুন হয়েছে। একটি খুনের ঘটনাকে আত্মহত্যা বলে কেন বর্ণনা করা হয়েছিল সেই সূত্রই খুঁজছে গোয়েন্দারা। পরিবারের পক্ষ থেকে আরো অভিযোগ করা হয়েছে ঘটনার পেছনে চক্রান্ত থাকতে পারে কেউ টাকা দিয়ে এই ঘটনা ঘটাতে পারে। সেই অনুযায়ী এই ঘটনার পেছনে কারোর মদ ছিল কিনা এই বিষয়টি খতিয়ে দেখছে পুলিশ। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে, সোমবার সোদপুরে মৃতার পরিবারের সঙ্গে দেখা করতে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় স্পষ্ট জানিয়ে দিয়েছেন রবিবারের মধ্যে তদন্তের অগ্রগতি না হলে তিনি সোমবার এই খুনের ঘটনা সিবিআইকে(CBI) দিয়ে দেবেন। তাই অতি দ্রুত তদন্ত এগোতে সিটের সদস্য সংখ্যা ৭ থেকে বাড়িয়ে করা হলো ১৩।

## অফ্রিকার সর্বোচ্চ পর্বতশৃঙ্গ উহুরুতে দেশের জাতীয় পতাকা উত্তোলন করল ভারতের দিব্যাঙ্গজন অভিযাত্রী দল

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দেশের ৫৮তম স্বাধীনতা দিবস উপলক্ষে কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইন্সটিটিউটের দিব্যাঙ্গজন অভিযাত্রী দল অফ্রিকার উচ্চতম পর্বতশৃঙ্গ কিলিমাঞ্জারোর উহুরু পর্বতশৃঙ্গে ভারতের জাতীয় পতাকা উত্তোলন করেছে। সমতল থেকে ৮,৮০০ ফুট উচ্চতায় এটি হল আফ্রিকা মহাদেশের সর্বোচ্চ পর্বত শিখর। অভিযাত্রী দলের নেতৃত্ব দেন গ্রুপ ক্যাপটেন জয় কিষাণ। অভিযাত্রী দলে ছিলেন দিব্যাঙ্গ শ্রী উদয় কুমার সহ অন্যান্যরা। তাঁরা কাঞ্চনজঙ্ঘা জাতীয় উদ্যান থেকে কিলিমাঞ্জারো অভিযানে এক ঐতিহাসিক সাফল্যের দৃষ্টান্ত স্থাপন করেছেন। অভিযাত্রী দলের যাত্রা শুরু হয় বেস ক্যাম্প থেকে। গত ৭ আগস্ট ১৫,৫০০ ফুট উচ্চতায় অবস্থিত তিবু হাট-এ পৌঁছে যান অভিযাত্রীরা। সেখানে তাঁরা গর্বের সঙ্গে উত্তোলন করেন ভারতের জাতীয় পতাকা। এই অভিযানের আর একটি উল্লেখযোগ্য দিক হল এক দিব্যাঙ্গ অভিযাত্রী শুধুমাত্র ক্রাচের ওপর নির্ভর করে উচ্চ পর্বত শিখরে আরোহণ করে ভারতের ত্রিবর্ণরঞ্জিত পতাকা গর্বের সঙ্গে উত্তোলন করেছেন।

এই ঐতিহাসিক অভিযান থেকে এটাই প্রমাণিত হয় যে ধৈর্য, অধ্যবসায় এবং সাহায্য ও সমর্থনের মধ্য দিয়ে কিভাবে যে কোন বিষয়ে সাফল্য অর্জন সম্ভব। এই কাজে নিঃসন্দেহে উৎসাহিত ও অনুপ্রাণিত হবে দিব্যাঙ্গজনের পরবর্তী প্রজন্মগুলি।

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তোরা দুখে'কে আমার কাছে উৎসর্গ কর। না হলে তোদের নৌকা ডুবিয়ে দেবো"।লোভে আর ভয়ে ধনা আর মনা, দুখে'কে উৎসর্গ করার সিদ্ধান্ত নেয়। ছল করে দুখেকে একটি দ্বীপে নামিয়ে দিয়ে পুকুর থেকে মিষ্টি জল নিয়ে আসতে বলে। সরলমতি দুখে নির্জন দ্বীপে নামে। ধনা আর মনা নৌকা ছেড়ে দেয়। দুখে ভয়ে কাঁদতে শুরু করে। হঠাৎ তার মনে পড়ে, মা বলেছিলেন, বনের ভেতর দুখের আর এক মা আছে। মায়ের কথা মতো দুখে তখন সেই বনের মা'কে স্মরণ করে।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# গুরুর দেখানো পথে বিবেকানন্দ



মৃত্যুঞ্জয় সরদার

(চতুর্থ পর্ব)



আক্রান্ত হন। এই সময় তাঁকে কলকাতার কাশীপুরে স্থানান্তরিত করা হয়। জীবনের অন্তিম পর্বে বিবেকানন্দ ও তাঁর গুরুভ্রাতাগণ তাঁর সেবাসুশ্রুষা করেছিলেন। এখানেই শ্রীরামকৃষ্ণের তত্ত্বাবধানে তাঁদের আধ্যাত্মিক শিক্ষা চলে। কথিত আছে, কাশীপুরেই বিবেকানন্দ নির্বিকল্প সমাধির অভিজ্ঞতা অর্জন করেছিলেন। শ্রীরামকৃষ্ণের জীবনের শেষ পর্বে বিবেকানন্দ ও তাঁর কয়েকজন গুরুভ্রাতা গুরুর নিকট থেকে সন্ন্যাসীর গৈরিক বস্ত্র লাভ করেছিলেন। যার মাধ্যমে প্রতিষ্ঠিত হয়েছিল প্রথম রামকৃষ্ণ সংঘ। গুরুর নিকট থেকে বিবেকানন্দ এই শিক্ষাই পান যে মানবসেবাই সর্বাপেক্ষা কার্যকরী ঈশ্বরোপাসনা। কথিত আছে, শ্রীরামকৃষ্ণের অবতারত্ব নিয়ে বিবেকানন্দের মনে সন্দেহের উদ্রেক হলে শ্রীরামকৃষ্ণ ঘোষণা করেছিলেন, " যে রাম, যে কৃষ্ণ, সে-ই রামকৃষ্ণ... " শ্রীরামকৃষ্ণ তাঁর অবর্তমানে নিজের শিষ্যদের দেখাশোনার দায়িত্ব দেন বিবেকানন্দের উপর, এবং তাঁর শিষ্যদেরও বিবেকানন্দকে নেতা বলে স্বীকার করতে বলেন। দীর্ঘ অসুস্থতার পর ১৮৮৬ সালের ১৬ অগস্ট অতিপ্রত্যুষে কাশীপুর উদ্যানবাটীতে রামকৃষ্ণ পরমহংসের

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## হাসপাতালে হত্যাকাণ্ডের শিকার চিকিৎসকের পরিবারের পাশে মুখ্যমন্ত্রী মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আরজি কর মেডিকেল কলেজ হাসপাতালে ধর্ষণের পর খুন হওয়া মহিলা চিকিৎসকের পরিবারের সঙ্গে সরাসরি সাক্ষাৎ করতে গেলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এর আগে তিনি এই ঘটনায় অপরাধীর ফাঁসির শাস্তি দাবি করেন এবং বলেন, তার মনে হচ্ছে, তিনি নিজের পরিবারের কাউকে হারিয়েছেন। নিহত চিকিৎসকের পরিবারের সঙ্গে ফোনে কথা বলার পর, সোমবার দুপুরে তাদের বাড়িতে পৌঁছান মুখ্যমন্ত্রী।

উত্তর ২৪ পরগনার বাসিন্দা ছিলেন এই নিহত চিকিৎসক। গত শুক্রবার আরজি কর হাসপাতালের চারতলার সেমিনার হলে তাকে ধর্ষণ করে খুনের অভিযোগ ওঠে। মমতা এই ঘটনার পর দ্রুত ফাস্টট্র্যাক আদালতে মামলাটি তোলার নির্দেশ দেন এবং অপরাধীর ফাঁসির আবেদন জানান। তিনি আরও বলেন, যদি রাজ্য পুলিশের ওপর আস্থা না থাকে, তবে অন্য কোনো এজেন্সির সাহায্য নেওয়া যেতে পারে, কারণ সরকার সঠিক তদন্ত চায়।

নিহত চিকিৎসকের মৃত্যুকে মমতা 'ন্যক্কারজনক এবং অমানবিক' বলে অভিহিত করেন এবং আন্দোলনকারী চিকিৎসকদের পাশে থাকার আশ্বাস দেন। তিনি বলেন, "জুনিয়র চিকিৎসকেরা যে বিক্ষোভ দেখাচ্ছেন, তা ন্যায্য। আমি তাদের দাবির সঙ্গে একমত এবং দ্রুত বিচার প্রক্রিয়া শুরু করার নির্দেশ দিয়েছি।"

এরই মধ্যে রাজ্য সরকার হাসপাতালের নিরাপত্তা নিশ্চিত করতে পদক্ষেপ গ্রহণ করেছে এবং পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করে তদন্ত শুরু করেছে।

৩ পাতার পর

## বাংলাদেশে হিন্দুদের উপর অত্যাচারের প্রতিবাদে, সচেতনে কোলকাতার রাজপথে স্বপন দত্ত বাউল

কেউ শান্তি সম্প্রীতির বিঘ্ন ঘটাবেন না। বাংলাদেশে কেন এত হিন্দুদের উপর অত্যাচার অপমান, সংখ্যালঘু বলেই কি নেই কোনো সম্মান। গানে ও বক্তব্যে আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন শিল্পী স্বপন বাউল বলেন আমি বাংলাদেশ বহুবার অনুষ্ঠানে গেছি অনেক পুরস্কার সম্মান পেয়েছি, ভালবাসা পেয়েছি। তাই বলছি ওগো বাংলাদেশের মানুষ সকলেই শুনুন আমার বাউল গানের মাধ্যমে সচেতনের কথা। আপনদের ভাবতে হবে আমরা হিন্দু, মুসলিম ভাই ভাই আমরা একই মায়ের সন্তান, মোরা একই বৃন্তে দুটি কুসুম হিন্দু মুসলমান মুসলিম যার নয়ন মণি হিন্দু তাহার প্রাণ। আমরা একটাই জাতি একটাই প্রাণ কোনো ভেদাভেদ নাই। সবার উপরে মানুষ সত্য তাহার উপরে কেহ নাই। আমরা মিলে মিশে একে অপরকে ভালবাসব আমরা জাত পাতের দোহাই দিয়ে সংখ্যালঘু হিন্দুদের উপর অত্যাচার করে শান্তি সম্প্রীতি কেউ নষ্ট করব না। জাতপাতের বেড়া জাল ছিন্ন করে আমরা হিন্দু মুসলমান মিনাল বাহু জড়ায়ে মিলন রাখির বন্ধনে একে অপরকে ভালোবাসার বন্ধনে বাঁধব এবং শান্তি সম্প্রীতি রক্ষা করব। কোলকাতার রুবি হাসপাতালের চত্বরে রাজ পথে অসংখ্য মানুষ স্বপন দত্ত বাউলের নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুদের উপর অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ ও সচেতন করতে দেখে বাউল গান এবং মূল্যবান বক্তব্য শুনে বাংলার জনপ্রিয় উদাস বাউল, নিঃস্বার্থ সমাজ সচেতনের বাউল স্বপন কে ধন্যবাদ জানায় কেউ কেউ বলেন সারা বাংলায় নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে প্রতিবাদী ও সমাজ সচেতনের বাউল একজনই আছেন যিনি সারা রাজ্য ও দেশ বিদেশের প্রিয় শিল্পী স্বপন দত্ত বাউল। তার প্রতিবাদ ও সচেতন দিকে দিকে পৌঁছে যাক, একজন মানুষ সকলকে সচেতন করতে না পারলেও অন্তত বেশির ভাগ মানুষই স্বপন বাউলের গানে বক্তব্যে প্রতিবাদে সচেতন হবেনই এই আমাদের আশা।

## আরজি করের ঘটনার জেরে সতর্ক নবান্ন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আরজি করের ঘটনার জেরে সতর্ক নবান্ন। জেলায় কোনও ঘটনা ঘটলেই সঙ্গে সঙ্গে তা নবান্নে জানাতে হবে রিপোর্ট আকারে। যে কোনও ঘটনা নিয়ে সতর্ক থাকতে হবে, এমনটাই জেলাশাসকদের নির্দেশ মুখ্য সচিবের। সোমবার বিকেল সাড়ে চারটে থেকে জেলাশাসকদের নিয়ে ভার্চুয়াল বৈঠক করেন মুখ্যসচিব। সেখানেই এই নির্দেশ দেওয়া হয়েছে।এ দিন সোদপুরে নির্যাতিতা চিকিৎসকের বাড়িতে গিয়ে তাঁর বাবা-মা সহ পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন মুখ্যমন্ত্রী। এর পর সাংবাদিকদের মুখোমুখি হন তিনি। আর জি কর কাণ্ডে বার বারই একাধিক ব্যক্তির জড়িত থাকার অভিযোগ উঠছে। এ দিন মুখ্যমন্ত্রীও বলেন, 'ওঁর (নিহত চিকিৎসক) বাবা মা বলেছেন ভিতরের কেউ জড়িত আছে। যদি তাই হয় ওঁর বন্ধুবান্ধব সহ যাদের উপরেই সন্দেহ হচ্ছে তাঁদের ডেকে কথা বলা হবে। যিনি বাড়িতে প্রথম খবর দিয়েছিলেন, তাকেও ডেকে কথা বলতে বলেছি। আমি চাই পুলিশ যত তাড়াতাড়ি সম্ভব তদন্ত শেষ করুক। তার পরেও যদি রবিবার পর্যন্ত যদি তাঁরা কুলকিনারা করতে না পারেন, তাহলে এই কেসটা আমরা সিবিআইকে দিয়ে দেব। কারণ ভিতরেরও তো অনেকে আছে।'আরজি কর কাণ্ডের কিনারা করার জন্য কলকাতা পুলিশকে আগামী রবিবার পর্যন্ত সময় বেঁধে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রবিবারের মধ্যে পুলিশ এই তদন্তের কিনারা করতে না পারলে তদন্ত ভার সিবিআই-কে দিয়ে দেওয়া হবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী। এ দিন সোদপুরে নিহত চিকিৎসকের বাড়িতে গিয়ে মৃতার পরিবারের সঙ্গে কথা বলার পর এই সিদ্ধান্তে কথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

# সিনেমার খবর

## যুক্তরাজ্যে বাতিল সঞ্জয় দত্তের ভিসার আবেদন



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডি সিনেমা 'সন অব সর্দার'র সিক্যুয়েলের শুটিংয়ের জন্য নায়ক নায়িকা উড়ে যাচ্ছেন স্কটল্যান্ডে। কিন্তু বাদ পড়ছেন খল নায়ক সঞ্জয় দত্ত। কারণ তিন দশক আগে ভারতের সন্ত্রাস প্রতিরোধ আইনে দোষী সাব্যস্ত হওয়ায় সঞ্জয়কে ভিসা দিতে রাজি হয়নি দেশটি। তাই সিনেমা থেকেই বাদ পড়ছেন নব্বই দশকের এই জনপ্রিয় অভিনেতা।

বলিউড লাইফ ডটকম লিখেছে ২০১২ সালে মুক্তি পেয়েছিল 'সন অব সর্দার'। বক্স অফিসে সফল এই সিনেমার সিক্যুয়েলে মূল ভূমিকায় আছেন অজয় দেবগণ এবং ম্রুণাল ঠাকুর। এখন খল নায়ক সঞ্জয়ের জায়গায় পরিচালক ভাবছেন অভিনেতা রবি কিশনকে নেওয়ার কথা।

১৯৯৩ সালে এপ্রিলে মুম্বাই বিস্ফোরণের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে সন্ত্রান প্রতিরোধ ও অস্ত্র আইনে গ্রেপ্তার হয়েছিলেন সঞ্জয় দত্ত, সে সময় পুলিশ তার কাছে অস্ত্র পেয়েছিল । এরপর বিচারকে দোষী সাব্যস্ত হওয়ার পর ২০১৩ সালের মার্চ মাসে সঞ্জয়কে পাঁচ বছরের কারাদণ্ডের নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট। এর পর তিন বছর জেল খেটে সঞ্জয় মুক্তি পান ২০১৬ সালে।

তখন থেকে ফের অভিনয়ের সঙ্গে যুক্ত হন তিনি। মাঝখানে ক্যান্সারে আক্রান্ত হওয়ায় বিরতি নিয়েছিলেন। কিন্তু ক্যান্সারকে জয় করার কয়েক বছর ধরে অভিনয়ে নিয়মিত হয়েছেন সঞ্জয়। যুক্তরাজ্যের ভিসা না পাওয়ায় সঞ্জয়ের 'হাউসফুল ৫' নামের আরেকটি সিনেমাও সমস্যায় পড়তে পারে। কারণ লন্ডনে ওই সিনেমারও শুটিং হওয়ার কথা রয়েছে।

ওই সিনেমার প্রযোজক সাজিদ নদিয়াওয়ালা অবশ্য ভেবেছেন ভিসার সমস্যা হলে বাকি তারকাদের শুটিং লন্ডনে হলেও সঞ্জয়কে দিয়ে তিনি শুটিং করিয়ে নেবেন মুম্বাইতেই। ফলেওহাউসফুল ৫ সিনেমা নিয়ে সঞ্চয়ের ভোগান্তি হওয়ার কোনো সম্ভাবনা নেই।

## দর্শকদের ভালোবাসা চাইলেন দীপিকা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** হুট করে সোশ্যাল মিডিয়ার এসে 'কল্কি ২৮৯৮' ব্লকবাস্টার হওয়ার জন্য অনুরাগীদের ধন্যবাদ জানিয়েছেন ভারতীয় হিন্দি সিনেমার নায়িকা দীপিকা পাড়ুকোন। সেইসঙ্গে দর্শকদের কাছ থেকে আরো ভালোবাসা চেয়েছেন এই নায়িকা। টাইমস অব ইন্ডিয়া লিখেছে, আগামী মাসেই পৃথিবীতে আসতে চলেছে দীপিকা ও রণবীর সিংয়ের সন্তান। এই সময়ে তাই কাজকর্ম ছেড়ে বাড়িতেই বিশ্রামে আছেন দীপিকা। এই ফাঁকা সময়ে অনুরাগীদের সঙ্গে দেখা করলেন দীপিকা, তবে সোশ্যাল মিডিয়ায়।



এক্ষেত্রে অনলাইন চ্যাটে এসে দীপিকা বলেন, 'কল্কি পছন্দ করার জন্য সবাইকে ধন্যবাদ। আপনাদের এই ভালোবাসার জন্যই কঠোর পরিশ্রম করেছে গোটা টিম। ভবিষ্যতে আরো ভালোবাসা চাই।'

অনুরাগীরাও দীপিকাকে পেয়ে আপ্লুত। নায়িকাকে শুভেচ্ছা জানিয়ে কেউ কেউ বলেছেন দীপিকার দেখা পেয়ে দিনটি তাদের দারুণ গেছে। ৬০০ কোটি রুপির বাজেটের 'কল্কি ২৮৯৮ এডি' সিনেমাটি গত ২৭ জুন মুক্তির পর ৫ দিনের মধ্যেই লগ্নির টাকা তুলে ফেলেছিল। এখনো ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশের হলে দর্শক ধরে রেখেছে সিনেমাটি।

নাগা অশ্বিন পরিচালিত সায়েন্সফিকশনধর্মী 'কল্কি' সিনেমায় প্রথমবারের মতো দক্ষিণের তারকা প্রভাসের সঙ্গে জুটি বেঁধেছেন দীপিকা। এতে পৌরাণিক চরিত্রওকল্কির ভূমিকায় পর্দায় এসেছেন প্রভাস। আর দীপিকা অভিনয় করেছেন 'পদ্মা' নামের চরিত্রে।

অভিনয় করেছেন বলিউডের মেগাতারকা অমিতাভ বচ্চন এবং দক্ষিণের কমল হাসানের মতো বাঘা বাঘা অভিনেতারা।

মৃণাল ঠাকুর, দুলকার সালমান, বিজয় দেবরাকোন্ডার মতো জনপ্রিয় অভিনয় শিল্পীরাও কাজ করেছেন এ সিনেমায়। আর খল চরিত্রে প্রশংসা কুড়িয়েছেন পশ্চিমবঙ্গের অভিনেতা শাশ্বত চট্টোপাধ্যায়। শোনা যাচ্ছে শিগগিরই এই সিনেমার সিক্যুয়েল বানাতে দলবল নিয়ে কাজে নামবেন পরিচালক। তবে দ্বিতীয় কিস্তিতে দীপিকা নাও থাকতে পারেন।

## প্রকাশ্যে এলো সৃজিতের শার্লক হোমস



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ব্যোমকেশ, ফেলুদার পর এবার পর্দায় শার্লক হোমস নিয়ে হাজির হচ্ছেন ভারতের জনপ্রিয় পরিচালক সৃজিত মুখোপাধ্যায়। তার সিনেমা নামেই দর্শক মহলে আলাদা উত্তেজনা। ইতোমধ্যে পরিচালক নিজেই ছবির শার্লক হোমসকে প্রকাশ করেছেন।

শার্লক হোমসকে নিয়ে সৃজিতের ছবি বানানোর খবর আগে থেকেই ছিল। প্রিয় গোয়েন্দার চরিত্রে কাকে দেখা যাবে তা নিয়েও চলছিল বিস্তর আলোচনা। এবার সামাজিক যোগাযোগমাধ্যমে ছবির প্রথম ঝলক শেয়ার করলেন সৃজিত। তার পোস্টে শার্লকের প্রথম ঝলক প্রকাশ্যে এসেছে। পরণে কোর্ট, মাথায় টুপি। একেবারে অন্যরকম দেখাচ্ছে ছবির হোমসকে। ছবির ক্যাপশনে সৃজিত লিখেছেন, 'সব ছবিগুলোকে একসঙ্গে জুড়ে ফেলুন। একেবারে নতুন কিছু বুঝতে পারবেন। একমাত্র এই মানুষটাই সমস্ত রহস্যের সমাধান করতে পারেন।'

শার্লকের গোয়েন্দাগিরি নিয়ে ওটিটি-তে ধামাকা আনতে চলেছেন সৃজিত। 'শেখর হোম' নামে জিও সিনেমায় মুক্তি পাবে স্যার আর্থার কোনাল ডয়েলের লেখা থেকে অনুপ্রাণিত এই সিনেমা। সৃজিত মুখোপাধ্যায়ের ক্যামেরায় শার্লক হোমস হিসেবে পর্দার ধরা দেখা যাবে বলিউড অভিনেতা কেকে মেননকে। ছবিতে ওয়াটসনের চরিত্রে দেখা যাবে রণবীর শোরেকে। এছাড়াও রসিকা দুগ্গল, কৃতি কুলহারি, দিব্যেন্দু ভট্টাচার্যকেও দেখা যাবে। তবে এই ছবিতে টলিউডের জনপ্রিয় অভিনেতা কৌশিক সেনকে দেখা যাবে বলে জানা গেছে। অভিনেতার পোস্টে অনেকেই লিখেছেন, অধীর আগ্রহে এই ছবির জন্য অপেক্ষায়। গত বছর থেকেই তিনি শ্যুটিং শুরু করেছেন বলে জানা গিয়েছে। সৃজিতের ছবি মানেই বাঙালির খানিক আলাদা আবেগ, সেইসঙ্গে যখন জুড়ে যায়, শার্লক হোমসের মতো চরিত্র তখন আলাদা জায়গা করে নেবে সেই সিনেমা সেকথা বলার অপেক্ষা থাকে না।

টলিউডের পাশাপাশি বলিউডের কাজও এখন সমান তালে চলছে পরিচালকের। রে সিরিজ থেকে সাব্বাশ মিঠুন তালিকায় একের পর এক বড় চমক। তাই সবমিলিয়ে বিষয়টা যে মন কেড়েছে ভক্তদের সেকথা বলাই যায়।

## বক্স অফিসে ফ্লপ অজয় টাবুর প্রেম




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত ২ আগস্ট মুক্তি পেয়েছে অজয়-টাবুর 'অরো মে কাহা দম থা' ছবিটি। দীর্ঘদিন পর পুরোপুরি রোমান্টিক নায়ক হয়ে পর্দায় এলেন অজয়। কিন্তু বক্স অফিসে জমল না অজয়-টাবুর প্রেম। সাচনিল্কের সূত্রে জানা গেছে, সোমবার টেনেটুনে এক কোটি রুপি আয় করেছে ছবিটি। চারদিনে ছবিটির আয় হয়েছে ৭.৭৫ কোটি রুপি।

নীরজ পান্ডে পরিচালিত ছবি 'অরো মে কাহা দম থ' ছবিতে এক জুটির প্রেমের গল্প বলা হয়েছে, যে প্রেম সামাজিকভাবে পরিণতি না পেলেও ২৩ বছর ধরে বেঁচে থাকে এবং আরো ২৩, ১০০ বা হাজার বছর বেঁচে থাকার প্রতিশ্রম্নতি দেয়। ছবির গল্প বেশ সহজ-সরল, স্পষ্ট। এই ছবিতে অজয় ও টাবু ছাড়াও আছেন শান্তনু মহেশ্বরী ও সাই মঞ্জরেকার।

প্রেমিক-প্রেমিকা কৃষ্ণ ও বসুধা দুজন দুজনকে প্রচণ্ড ভালোবাসে। তাদের সম্পর্ক নিয়ে তাদের বাড়িতেও কোনো সমস্যা নেই। কৃষ্ণের বিদেশে চাকরির প্রস্তাব আসে, সে বিদেশ যাওয়ার সিদ্ধান্ত নেয়। তারা ঠিক করে বিদেশ থেকে ফিরে এসে বিয়ে করবে। এ সময় একদিন রাতে বসুধাকে তিন জন ছেলে তুলে নিয়ে গিয়ে ধর্ষণ করার চেষ্টা করে, যাদের মধ্যে দুজন খুন হয়ে যায়।

কে মারল ওদের? কে সেই আততায়ী? এখানেই ছবিটির মূল গল্পের প্রেক্ষাপট। যেখান থেকে গল্প একটু একটু করে শেষ দৃশ্যের দিকে এগিয়ে চলে।

## দক্ষিণ আফ্রিকার
# ফ্র্যাঞ্চাইজি টুর্নামেন্টে নাম লেখালেন কার্তিক



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : সব ধরনের ক্রিকেট থেকে অবসর নিয়ে ধারাভাষ্যে ব্যস্ত সময় পার করছেন দিনেশ কার্তিক। পাশাপাশি ব্যাটিং কোচ হিসেবেও কাজ করছেন তিনি। এর মাঝেই এলো নতুন খবর। অবসর ভেঙে দক্ষিণ আফ্রিকার ফ্র্যাঞ্চাইজি লিগে নাম লিখিয়েছেন ভারতের সাবেক উইকেটরক্ষক ব্যাটসম্যান।

দক্ষিণ আফ্রিকার এসএ টি-টোয়েন্টির সামনের মৌসুমে পার্ল রয়্যালসে খেলবেন কার্তিক। সামাজিক মাধ্যমে মঙ্গলবার এই ঘোষণা দেয় পার্ল ফ্র্যাঞ্চাইজি। আইপিএলের দল রাজস্থান রয়্যালসের একই মালিকানাধীন দল এটি।

আগামী বছরের ৯ জানুয়ারি শুরু হতে যাওয়া টুর্নামেন্টে প্রথম ভারতীয় ক্রিকেটার হিসেবে অংশ নেবেন কার্তিক। জাতীয় দল থেকে অবসর নেওয়ায় এবং দেশের ক্রিকেট বোর্ডের সঙ্গে কোনো চুক্তি না থাকায় বিদেশি লিগে খেলতে কোনো বাধা নেই তার।

গত জুনে নিজের ৩৯তম জন্মদিনে সব ধরনের ক্রিকেট থেকে অবসর ঘোষণা দেন কার্তিক। এরপর রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর মেন্টর ও ব্যাটিং কোচের দায়িত্ব নেন তিনি। পাশাপাশি ধারাভাষ্যেও কাটান ব্যস্ত সময়। আপাতত দা হান্ড্রেড-এ কাজ করছেন সাবেক উইকেটরক্ষক ব্যাটসম্যান।

আইপিএলে ১৭ আসর মিলিয়ে মাত্র দুটি ম্যাচ মিস করা কার্তিক খেলেছেন ৬টি ভিন্ন দলের হয়ে। কলকাতা নাইট রাইডার্সের অধিনায়কত্বও করেছেন তিনি। মাস দুয়েক আগে অবসর নেওয়ায় ৪০১ ম্যাচে থেমে গিয়েছিল তার টি-টোয়েন্টি ক্যারিয়ার।

এবার পার্লের সঙ্গে যুক্ত হয়ে তিনি দিলেন নতুন শুরুর ঘোষণা। তিনি জানান, "দক্ষিণ আফ্রিকায় ক্রিকেট খেলা ও ভ্রমণের অনেক সুখময় স্মৃতি আছে আমার। যখন এই সুযোগ এলো, আমি না করতে পারিনি। কারণ আবারও প্রতিদ্বন্দ্বিতামূলক ক্রিকেট খেলা এবং পার্ল রয়্যালসের হয়ে দারুণ এই টুর্নামেন্টে জেতা বিশেষ অনুভূতি হবে!"

পার্ল রয়্যালসে সতীর্থ হিসেবে ডেভিড মিলার, লুঙ্গি এনগিডি, আন্দিল ফেলুকোয়াইয়োদের পাবেন কার্তিক। টুর্নামেন্টের সবশেষ আসরে দারুণ শুরু করে সেরা চারে নাম লেখালেও টানা পাঁচ ম্যাচ হেরে এলিমিনেটর থেকে বিদায় নিয়েছিল পার্ল।

কার্তিকের আগে বিদেশি ফ্র্যাঞ্চাইজি লিগ খেলা ভারতের অন্য ক্রিকেটারদের মধ্যে আছেন আম্বাতি রাইডু (সিপিএল), রবিন উথাপ্পা ও ইউসুফ পাঠান (আইএল টি-টোয়েন্টি), সুরেশ রায়না (আবুধাবি টি টেন)।

# ইংল্যান্ড সফরে শ্রীলঙ্কার দলে নতুন ২ মুখ



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : ইংল্যান্ডের বিপক্ষে তিন ম্যাচের টেস্ট সিরিজের জন্য ১৮ সদস্যের দল ঘোষণা করেছে শ্রীলঙ্কা ক্রিকেট (এসএলসি)। ধনঞ্জয়া ডি সিলভার নেতৃত্বাধীন এই দলে নতুন মুখ নিসালা থারাকা এবং মিলান রত্নায়েকে। এ ছাড়া জেফ্রি ভ্যান্ডারসেকে দীর্ঘদিন পর দলে ফেরানো হয়েছে।

সবশেষ ২০২২ সালে একমাত্র টেস্ট খেলেছিলেন তিনি। সম্প্রতি ঘরের মাঠে ভারতের বিপক্ষে সিরিজের দ্বিতীয় ওয়ানডেতে ৬ উইকেট শিকার করেন তিনি। ইংলিশদের কন্ডিশন বিবেচনায় তাকে দলে ডাকা হয়েছে। ওয়ানিন্দু হাসারাঙ্গার স্থলাভিষিক্ত হচ্ছেন এই লেগি। অন্যদিকে পেস ইউনিটে থাকছেন লাহিরু কুমারা, বিশ্ব ফার্নান্ডো, আসিথা ফার্নান্ডো।

ম্যানচেস্টারে আগামী ২১ আগস্ট শুরু হবে ইংল্যান্ড-শ্রীলঙ্কা সিরিজের প্রথম টেস্ট। এরপর ২৯ আগস্ট লর্ডসে দ্বিতীয় এবং ৬ সেপ্টেম্বর ওভালে শুরু হবে দ্বিতীয় এবং তৃতীয় ও শেষ টেস্ট। শ্রীলঙ্কা স্কোয়াড : ধনঞ্জয়া ডি সিলভা (অধিনায়ক), দিমুথ করুণারত্নে, নিশান মাদুশকা, পাথুম নিসাঙ্কা, কুশল মেন্ডিস (সহঅধিনায়ক), অ্যাঞ্জেলো ম্যাথুজ, দিনেশ চান্ডিমাল, কামিন্দু মেন্ডিস, সাদিরা সামারাবিক্রমা, আসিথা ফার্নান্ডো, বিশ্ব ফার্নান্ডো, কাসুন রাজিথা, লাহিরু কুমারা, নিসালা থারাকা, প্রবাথ জয়াসুরিয়া, রামেশ মেন্ডিস, জেফ্রি ভ্যান্ডারসে, মিলান রত্নায়েকে।

# এক বছরের বেশি সময় পর টেস্ট দলে নাসিম



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : এক বছরের বেশি সময় পর পাকিস্তান টেস্ট দলে ফিরেছেন ফাস্ট বোলার নাসিম শাহ। বাংলাদেশের বিপক্ষে দুই টেস্টের সিরিজের জন্য ১৭ সদস্যের দলে ডাক পেয়েছেন ব্যাটসম্যান কামরান গুলাম, মুহাম্মদ হুরাইরা ও পেসার মোহাম্মদ আলি। ঘরোয়া ক্রিকেট ও পাকিস্তান 'এ' দলের হয়ে ধারাবাহিক পারফরম্যান্সের পুরস্কার পেয়েছেন তারা।

পাকিস্তান সবশেষ টেস্ট সিরিজ খেলেছে গত ডিসেম্বর-জানুয়ারিতে অস্ট্রেলিয়া সফরে। ওই সিরিজ দিয়ে এই সংস্করণে নেতৃত্ব পাওয়া শান মাসুদ চালিয়ে যাবেন দায়িত্ব। পেসার শাহিন শাহ আফ্রিদির থেকে সহ-অধিনায়কত্ব পেয়েছেন ব্যাটসম্যান সাউদ শাকিল। সামনের ব্যস্ত সূচি মাথায় রেখে 'ওয়ার্কলোড' বিবেচনায় আফ্রিদিকে সহ-অধিনায়কদের পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছে। চলতি মাস থেকে আগামী বছরের এপ্রিল পর্যন্ত ৯ টেস্ট, ১৪ টি-টোয়েন্টি ও অন্তত ১৭টি ওয়ানডে খেলবে পাকিস্তান।

অস্ট্রেলিয়া সফরে তিন টেস্টে ১৮ উইকেট ও ব্যাটিংয়ে প্রায় ৩০ গড়ে রান করা আমের জামালকে দলে রাখা হয়েছে ফিটনেস সাপেক্ষে। কাউন্টি ক্রিকেটে পিঠে চোট পাওয়ার পর গত মাসে আগেভাগে ওয়ারউইকশায়ার অধ্যায় শেষ করে দেন তিনি। অস্ট্রেলিয়া সফর থেকে বাংলাদেশের বিপক্ষে দলে পরিবর্তন এসেছে সাতটি। বাদ পড়েছেন বাঁহাতি ব্যাটসম্যান ইমাম-উল-হাক। ২০২২ সাল থেকে টেস্টে পাকিস্তানের একাদশে নিয়মিত ছিলেন তিনি। অস্ট্রেলিয়ায় শেষ টেস্টে একাদশে জায়গা হারান তিনি, তার বদলে সুযোগ পান সাইম আইয়ুব।

এছাড়াও বাদ পড়েছেন অলরাউন্ডার ফাহিম আশরাফ, মোহাম্মদ নাওয়াজ, দুই স্পিনার নোমান আলি ও সাজিদ খান। একমাত্র বিশেষজ্ঞ স্পিনার হিসেবে দলে আছেন লেগ স্পিনার আবরার আহমেদ। চোটের কারণে দলে নেই দুই পেসার হাসান আলি ও মোহাম্মদ ওয়াসিম।

দলে ফেরা নাসিম ১৭ টেস্টের সবশেষটি খেলেন গত বছরের জুলাইয়ে, শ্রীলঙ্কা সফরে। ওই ম্যাচে তিনি নেন ৬ উইকেট। এরপর এশিয়া কাপে কাঁধে চোট পাওয়ায় ভারতে অনুষ্ঠিত ওয়ানডে বিশ্বকাপ ও অস্ট্রেলিয়া সফরে খেলতে পারেননি তিনি। সেরে ওঠার পর থেকে সাদা বলে খেলছিলেন তিনি। তবে পাকিস্তানের নতুন টেস্ট কোচ জেসন গিলেস্পি লাল বলে ফের নাসিম ও আফ্রিদিকে একসঙ্গে দেখতে চান।

কামরান গুলাম ২০২২-২৩ মৌসুমে ঘরের মাঠে নিউ জিল্যান্ডের বিপক্ষে টেস্ট সিরিজের দলে ছিলেন, তবে খেলার সুযোগ পাননি। ২০২৩-২৪ মৌসুমে প্রথম শ্রেণির ক্রিকেটে ১১ ম্যাচে তিনি করেন ১ হাজার ২৫ রান। গত মাসে পাকিস্তান 'এ' দলের হয়ে বাংলাদেশ 'এ' দলের বিপক্ষে দুটি চার দিনের ম্যাচে তিনি খেলেন অপরাজিত ১০০ ও ৪৮ রানের ইনিংস।

২০২২ সালের ডিসেম্বরে ইংল্যান্ডের বিপক্ষে অভিষেক সিরিজে দুটি টেস্ট খেলার পর প্রথমবার ডাক পেলেন মোহাম্মদ আলি। গত মৌসুমে প্রথম শ্রেণির ক্রিকেটে ১৪ ম্যাচে তিনি নেন ৪৭ উইকেট। ডারউইনে বাংলাদেশ 'এ' দলের বিপক্ষে দ্বিতীয় ম্যাচের দ্বিতীয় ইনিংসে ৬৩ রানে ৬টিসহ তার শিকার ছিল ৯ উইকেট।

২২ বছর বয়সী হুরাইরা ইনিংস ওপেন করতে পারেন আব্দুল্লাহ শাফিকের সঙ্গে। সম্প্রতি দুর্দান্ত ফর্মে আছেন তিনি। বাংলাদেশ 'এ' দলের বিপক্ষে করেছেন ডাবল সেঞ্চুরি। প্রথম শ্রেণির ক্রিকেটে তার ক্যারিয়ার ব্যাটিং গড় ৫৬.২৪। গত দুই মৌসুমে লাল বলে ২ হাজারের কাছাকাছি করেছেন তিনি। গত বছর তিনি শ্রীলঙ্কা সফরের টেস্ট দলে ছিলেন, তবে খেলার সুযোগ পাননি।

আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের অংশ দুই টেস্টের প্রথমটি রাওয়ালপিন্ডিতে শুরু হবে ২১ অগাস্ট। করাচিতে দ্বিতীয় টেস্ট শুরু ৩০ অগাস্ট।

পাকিস্তান টেস্ট দল: শান মাসুদ (অধিনায়ক), সাউদ শাকিল (সহ-অধিনায়ক), আমের জামাল (ফিটনেস সাপেক্ষে), আবদুল্লাহ শাফিক, আবরার আহমেদ, বাবর আজম, কামরান গুলাম, খুররাম শাহজাদ, মির হামজা, মোহাম্মদ আলি, মুহাম্মদ হুরাইরা, মোহাম্মদ রিজওয়ান, নাসিম শাহ, সাইম আইয়ুব, আঘা সালমান, সারফারাজ আহমেদ, শাহিন শাহ আফ্রিদি।

# জার্মানির বর্ষসেরা ফুটবলার নির্বাচিত ক্রুস



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : ২০২৪ সালে জার্মানির বর্ষসেরা ফুটবলার নির্বাচিত হলেন টনি ক্রুস। দ্বিতীয়বারের মতো এই স্বীকৃতি পেলেন এই জার্মান মিডফিল্ডার।

জার্মান ক্রীড়া সাংবাদিকদের সংগঠন ও ফুটবল ম্যাগাজিন কিকার-এর যৌথ আয়োজনে পুরস্কারটি দেওয়া হয়। জার্মান খেলোয়াড়দের পাশাপাশি জার্মানিতে খেলা অন্যান্য দেশের খেলোয়াড়দেরও এই পুরস্কারের জন্য বিবেচনা করা হয়। সম্প্রতি ফুটবল থেকে অবসরে যাওয়া সাবেক রিয়াল মাদ্রিদ তারকা ক্রুস পান ২৮৫ ভোট। বায়ার লেভারকুজেনের ফ্লোরিয়ান ভিরৎজ ২৪৬ ও গ্রানিত জাকা পান ৬৬ ভোট।

ক্রুস প্রথমবার পুরস্কারটি জিতেছিলেন ২০১৮ সালে। গত মাসে শেষ হওয়া ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ দিয়ে পেশাদার ফুটবলকে বিদায় জানান তিনি। ঘরের মাঠে অনুষ্ঠিত আসরে কোয়ার্টার-ফাইনালে স্পেনের কাছে হারে জার্মানি। তার আগে ২০২৩-২৪ মৌসুমে রিয়ালের স্প্যানিশ সুপার কাপ, লা লিগা ও চ্যাম্পিয়ন্স লিগ জয়ে অবদান রাখেন ক্রুস।

## রিয়ালের জার্সিতে
# অনুশীলনে এমবাপ্পে



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : রিয়াল মাদ্রিদ অনুশীলনে যোগ দিয়েছেন কিলিয়ান এমবাপ্পে। প্রথমবারের মতো মাদ্রিদের জার্সিতে অনুশীলন করতে দেখা গেছে ফরাসি এই তারকাকে। প্রাক-মৌসুম ম্যাচগুলোতে ছুটিতে ছিলেন এমবাপ্পে, অরিলিয়ে চুয়ামেনি, এদুয়ার্দো কামাভিঙ্গা ও ফারলান মেন্দি। অনুশীলনে সবাইকেই দেখা যায়। আগামী সপ্তাহে আতালান্তার বিপক্ষে সুপার কাপের ফাইনালে মুখোমুখি হবে কার্লো আনচেলত্তির দল। শিরোপা জয়ের লড়াইয়ে প্রস্তুত হওয়ার জন্যই গা গরমে যোগ দিয়েছেন সবাই। এদিকে অনুশীলনে সবার চোখ ছিল এমবাপ্পের ওপর। নানা নাটকীয়তার পর তিনি যোগ দিয়েছেন লস ব্লাঙ্কোস শিবিরে। জাকজমকপূর্ণ এক প্রেজেন্টেশনের মধ্য দিয়ে তাকে স্বাগত জানানো হয় কয়েকদিন আগে। অবশেষে যোগ দিলেন অনুশীলনেও। যদিও আনচেলত্তি দেখবেন তিনি সম্পূর্ণ ফিট কিনা। তার আগে ফরাসি এই তারকাকে খেলানোর কথা ভাবছেন না রিয়াল কোচ।

# অভিষেক রাঙাতে ব্যর্থ এনদ্রিক



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : ফুটবলে এখন চলছে প্রাক-মৌসুম প্রস্তুতি। ইউরোপের দলগুলো একে অন্যের বিপক্ষে প্রীতি ম্যাচ খেলে নিজেদের ঝালিয়ে নিচ্ছে। ফুটবল বিশ্বের সফল ক্লাবগুলোর অন্যতম রিয়াল মাদ্রিদ। এই ক্লাবের জার্সি গায়ে জড়ানো স্বপ্ন থাকে ফুটবলারদের। যেমন, ছোটবেলা থেকে রিয়ালের হয়ে খেলার স্বপ্ন দেখতেন কিলিয়ান এমবাপ্পে এবং এনদ্রিক। চলতি মৌসুমের শুরুতেই সেই স্বপ্নকে বাস্তবে রূপান্তর করেছেন তারা।

জমকালো আয়োজনের মধ্যদিয়ে এই দুই তারকা ফুটবলারকে বরণ করে নিয়েছে স্প্যানিশ জায়ান্টরা। যুক্তরাষ্ট্রে সোলজার ফিল্ডে ক্লাব ফ্রেন্ডলি ম্যাচে ইতালিয়ান ক্লাব এসি মিলানের বিপক্ষে এনদ্রিকের অভিষেক হলেও এমবাপ্পে এখনো অপেক্ষায় রয়েছেন।

তবে রিয়ালের অভিষেকটা রাঙাতে পারেননি এই ব্রাজিলিয়ান তরুণ। প্রথমবারের মতো রিয়ালের জার্সিতে মাঠে নেমে দর্শকদের সেভাবে উচ্ছসিত করতে পারেননি তিনি। গতকাল যুক্তরাষ্ট্রে সোলজার ফিল্ডে ক্লাব ফ্রেন্ডলি ম্যাচে ইতালিয়ান ক্লাব এসি মিলানের বিপক্ষে প্রথমবারের মতো রিয়ালের জার্সিতে মাঠে নামেন এই ব্রাজিলিয়ান তরুণ।

রিয়ালে শুরুটা অবশ্য ভালো হয়নি এনদ্রিকের। যেমন, জমকালো আয়োজনের মাধ্যমে এনদ্রিককে বরণ করেছিল রিয়াল, প্রথম ম্যাচে দর্শকদের সেভাবে উচ্ছসিত করতে পারেননি তিনি। এই ম্যাচে মিলানের কাছে ১-০ ব্যবধানে হেরে গেছে এনদ্রিকের রিয়াল। ৬১ হাজার ৫৮৮ জন দর্শকের সামনে গতকাল লক্ষ্যে কেবল একটি শট নিতে পেরেছেন এনদ্রিক। সেটি ম্যাচের ৪৫ মিনিটে। এরপর অবশ্য এনদ্রিককে তুলে নেন কোচ কার্লো আনচেলত্তি। ম্যাচ শেষে এনদ্রিকের ফুটবল দক্ষতার প্রশংসা করতে দেখা গেছে রিয়াল কোচকে।

আনচেলত্তি বলেন, 'সে (এনদ্রিক) এমন একজন, যার সত্যিই বিশেষ কিছু আছে। সে খুব দ্রুত ও আউটসাইট জায়গায় খুব বিপজ্জনক। অল্প জায়গায় গতির সঙ্গে ঘুরানোর ক্ষমতা রাখে। নিজেকে মুক্ত করতে খুব চটপটে এবং তার এই সমস্ত গুণাবলির অর্থ হলো সে একজন দুর্দান্ত প্রতিভাবান (খেলোয়াড়)। এই ধরনের খেলোয়াড় পাওয়া কঠিন ব্যাপার।'

এই ম্যাচে খেলেননি প্যারিস সেইন্ট জার্মেই (পিএসজি) থেকে রিয়ালে যোগ দেয়া কিলিয়ান এমবাপ্পে। এছাড়া ছিলেন না ভিনিসিয়ুস জুনিয়র, জুড বেলিংহাম ও রদ্রিগোর মতো বড় তারকারা। এসি মিলানের হয়ে ম্যাচের একমাত্র গোলটি করেন নাইজেরিয়ান উইঙ্গার স্যামুয়েল চুকউইজে। ৫৬ মিনিটে গোল করেন মিলানের জয় নিশ্চিত করেন তিনি। মৌসুম পূর্ববর্তী সেশনে এটি তাদের দ্বিতীয় জয়।

রিয়ালের পরবর্তী লক্ষ্য এল-ক্লাসিকো। যুক্তরাষ্ট্রের নিউজার্সিতে বার্সেলোনার বিপক্ষে আগামী শনিবার এক ক্লাব ফ্রেন্ডলি ম্যাচ খেলবে লস ব্লাঙ্কসরা।

## প্যারিসে কোকেন কেনার অভিযোগে
# গ্রেফতার অজি হকি খেলোয়াড়



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : বিতর্কিত কাণ্ডে জড়িয়েছেন প্যারিস অলিম্পিকসে অস্ট্রেলিয়া হকি দলের খেলোয়াড় টম ক্রেইগ। ফ্রান্সের রাজধানীর রাস্তায় কোকেইন কেনার অভিযোগে গ্রেপ্তার করা হয় তাকে। পরে অবশ্য ছাড়া পেয়েছেন এবং ক্ষমা চেয়েছেন তিনি।

প্যারিসের প্রসিকিউটরের কার্যালয় জানায়, গত মঙ্গলবার রাতে ওই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। পরদিন বুধবার (০৭ আগস্ট) ছাড়া পান তিনি।

অস্ট্রেলিয়া অলিম্পিক কমিটি শুরুতে বিবৃতি দিয়ে একজন খেলোয়াড়ের গ্রেপ্তার হওয়ার কথা জানালেও তার নাম প্রকাশ করেনি। তাকে অভিযুক্ত করা হয়নি বলেও জানায় তারা।

২০২০ টোকিও অলিম্পিকসে রূপা ও ২০২২ কমনওয়েলথ গেমসে সোনা জয়ী অস্ট্রেলিয়া হকি দলের অংশ ছিলেন ২৮ বছর বয়সী ক্রেইগ। প্যারিসে গত রবিবার কোয়ার্টার-ফাইনালে নেদারল্যান্ডসের বিপক্ষে ২-০ গোলে হারে অস্ট্রেলিয়া দল।

## দুর্নীতির দায়ে ৫ বছর নিষিদ্ধ
# আফগানিস্তানের ইহসানউল্লাহ



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : দুর্নীতিবিরোধী কোড ভাঙায় আফগানিস্তানের ইহসানউল্লাহ জানাতকে শাস্তি দিয়েছে ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি)। সব ধরণের ক্রিকেট থেকে আগামী ৫ বছরের জন্য টপ-অর্ডার এই ব্যাটারকে নিষিদ্ধ করা হয়েছে।

৭ আগস্ট এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে আফগানিস্তান ক্রিকেট বোর্ড (এসিবি)। বিবৃতিতে বলা হয়েছে, 'আইসিসির দুর্নীতিবিরোধী কোডের ধারা ২.১.১ লঙ্ঘনের অভিযোগে জানাতকে দোষী পাওয়া গেছে। আর তাই সব ধরণের ক্রিকেট থেকে তাকে পাঁচ বছরের জন্য নিষিদ্ধ করা হয়েছে।'

সব অভিযোগ মেনে নিয়েছেন তিনি। দুর্নীতির সঙ্গে জড়িত থাকার বিষয়টিও স্বীকার করেছেন ডানহাতি এই ব্যাটার।

এদিকে ক্রিকেটভিত্তিক ওয়েবসাইট ইএসপিএন ক্রিকইনফো জানিয়েছে, কাবুল প্রিমিয়ার লিগের (কেপিএল) দ্বিতীয় আসর চলাকালে ফিক্সিংয়ের সঙ্গে জড়িত ছিলেন ইহসানউল্লাহ। তিনি ছাড়া আরও তিন ক্রিকেটার বর্তমানে সন্দেহের তালিকায় রয়েছেন। তবে সেসব খেলোয়াড়দের বিষয়ে এখনও কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR